দৈনিক
আমাদের সময়

তারিখ 12 AUG 2016
পৃষ্ঠা ... কলাম ...

# আইইএলটিএস শিক্ষাবৃত্তি দেবে ব্রিটিশ কাউন্সিল

নিজস্ব প্রতিবেদক ●

'আইইএলটিএস স্কলারশিপ ২০১৬' শীর্ষক বিদেশে উচ্চশিক্ষা গ্রহণে ইচ্ছুক শিক্ষার্থীদের শিক্ষাবৃত্তি দেওয়ার ঘোষণা দিয়েছে ব্রিটিশ কাউন্সিল। গতকাল এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। আইইএলটিএস স্বীকৃতি দেয় দেশের বাইরে এমন শিক্ষাপ্রতিষ্ঠানসমূহে যেসব শিক্ষার্থী স্নাতক অথবা স্নাতকোত্তর করার পরিকল্পনা করছে তাদের মধ্য থেকে পাঁচ জন শিক্ষার্থীকে এ শিক্ষাবৃত্তি দেওয়া হবে। এ বছর পাঁচ জন শিক্ষার্থী প্রত্যেকে মনোনীত করা হবে ৩ লাখ টাকার শিক্ষাবৃত্তির জন্য। উচ্চশিক্ষার জন্য অস্ট্রেলিয়া, যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্যসহ অন্যান্য দেশে বাংলাদেশের যেসব শিক্ষার্থী আবেদন করেছেন তারাও এই শিক্ষাবৃত্তির জন্য আবেদন করতে পারবেন। তবে এক্ষেত্রে প্রার্থীকে অবশ্যই আইইএলটিএস এ সর্বনিম্ন স্কোর হতে হবে ছয়। আবেদনপত্র ডাউনলোড করতে এবং এ শিক্ষাবৃত্তি সম্পর্কে বিস্তারিত জানতে ভিজিট করতে হবে ব্রিটিশ কাউন্সিলের ওয়েবসাইট www.britishcouncil.org.bd এ।